



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd



জরুরী বিজ্ঞপ্তি

নং- ময়শিবো/প্রশাঃ/০২/২৫/১৮/১৩৬


তারিখঃ ১৩/০৯/২০২১ খ্রিঃ

বিষয় : নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি গঠন ও নির্বাচন প্রসঙ্গে।

সূত্রঃ বোর্ডের ২২/০৩/২০২০ তারিখের পত্র স্মারক নং- মশিবো/বিদ্যা/বিবিধ/২০১৯/২৩৩৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার/রিটার্নিং কর্মকর্তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক ১৮/০৩/২০২০ খ্রিঃ হতে কোভিড-১৯ মহামারীর কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করায় অত্র বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচন কার্যক্রম বন্ধ করা হয়েছিল। বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ চালু হওয়ায় প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ১২ থেকে ২৮ পর্যন্ত দফাগুলো অনুসরণপূর্বক উক্ত প্রবিধানমালার প্রবিধি ৮ মোতাবেক গভর্নিং বডি এবং প্রবিধি ৭ ও ৮ মোতাবেক ম্যানেজিং কমিটি গঠন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, যে সকল প্রতিষ্ঠানের এডহক কমিটির মেয়াদ ৮০(আশি) দিনের অধিক সময় বাকী রয়েছে তাদেরকে নিয়মিত কমিটির কার্যক্রম গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া হলো।

Intermediate and Secondary Education Board 1961 (E.P Ord. No XXXIII of 1961) এর Section II এর ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো।


(প্রফেসর ড. গাজী হাসান কামাল)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

প্রাপক :

সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/প্রিজাইডিং অফিসার/
রিটার্নিং কর্মকর্তা।

মেমো নং-১৩৬(৬)

তারিখ : ১৩/০৯/২০২১ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা।